গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণগ্রন্থাগার অধিদপ্তর
বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রংপুর।
www.publiclibrary.rangpur.gov.bd

৪৩.২৬.৫৫০০.০০১.২৩.০২৩.১৩.৩০ তারিখ: ১৯/০১/২০২৫ খ্রি:

বিষয়ঃ ০৫ ফেব্রুয়ারি 'জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৫' উপলক্ষ্যে বইপাঠ, রচনা, চিত্রাঙ্কন এবং উপস্থিত বক্তৃতা প্রতিযোগিতা।

আগামী ০৫ ফেব্রুয়ারি 'জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৫' উদযাপন উপলক্ষ্যে গণগ্রন্থাগার অধিদপ্তরের নির্দেশনা মোতাবেক রংপুর বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার কর্তৃক রংপুর জেলার সকল স্কুল/কলেজ/বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রী এবং সর্বসাধারণের জন্য বইপাঠ, রচনা, চিত্রাঙ্কন এবং উপস্থিত বক্তৃতা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। সকল প্রতিযোগিকে যোগ্যতা অনুযায়ী প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য আহবান জানানো যাচ্ছে।

(ক) বইপাঠ প্রতিযোগিতাঃ

| ক্র. | শ্রেণি | বিষয় | তারিখ ও সময় |
|---|---|---|---|
| ১. | উন্মুক্ত | সংশ্লিষ্ট গণগ্রন্থাগারের নির্ধারিত বই | ০১/০২/২০২৫খ্রি. সকাল ১১.০০টা |

(খ) রচনা প্রতিযোগিতা :

| ক্রঃ | শ্রেণি | রচনা প্রতিযোগিতার বিষয় | শব্দসীমা | রচনা জমা দেওয়ার শেষ তারিখ |
|---|---|---|---|---|
| ১. | নবম-স্নাতকোত্তর | মুক্তবুদ্ধি চর্চায় গ্রন্থাগারের ভূমিকা | ১০০০ | ০১/০২/২০২৫খ্রি. বিকাল ০৫.০০টার মধ্যে ডাকযোগে/সরাসরি বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রংপুরে পৌঁছাতে হবে। |

(গ) চিত্রাঙ্কন প্রতিযোগিতা :

| ক্র:নং | গ্রুপ | শ্রেণি | চিত্রাঙ্কন প্রতিযোগিতার বিষয় | চিত্রাঙ্কন প্রতিযোগিতার তারিখ, স্থান ও সময় সীমা |
|---|---|---|---|---|
| ১. | ক | শিশু শ্রেণি-দ্বিতীয় শ্রেণি | উন্মুক্ত | ০২/০২/২০২৫খ্রি. সকাল ১১.০০টায় গ্রন্থাগারের পাঠকক্ষে অনুষ্ঠিত হবে। সময়সীমাঃ ১ ঘন্টা ৩০ মিনিট স্টুডেন্ট আইডি কার্ডের কপি সঙ্গে আনতে হবে। |
| ২. | খ | তৃতীয় শ্রেণি- পঞ্চম শ্রেণি | আমার দেখা গ্রন্থাগার | |
| ৩. | গ | ষষ্ঠ শ্রেণি-সপ্তম শ্রেণি | গ্রন্থাগারে বই পড়া | |

(ঘ) উপস্থিত বক্তৃতা প্রতিযোগিতা :

| ক্রঃ | শ্রেণি | উপস্থিত বক্তৃতার বিষয় | তারিখ ও সময় |
|---|---|---|---|
| ১ | অষ্টম-দ্বাদশ | তাৎক্ষণিক নির্ধারণ করা হবে | উপস্থিত বক্তৃতা প্রতিযোগিতা ০৩/০২/২০২৫খ্রি: তারিখ সকাল ১১.০০ টায় অনুষ্ঠিত হবে, আগামী ০২/০২/২০২৫খ্রি.এর মধ্যে গ্রন্থাগারে "নাম রেজিস্ট্রেশন" করতে হবে। |
| ২ | স্নাতক-স্নাতকোত্তর | তাৎক্ষণিক নির্ধারণ করা হবে | |

শর্তাবলীঃ

১. রচনা A4 আকারের সাদা কাগজে স্বহস্তে প্রতি পাতার একদিকে লিখতে হবে, উভয় পৃষ্ঠায় লেখা যাবে না।

২. ছাত্রছাত্রীদের রচনা স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রত্যয়নসহ ০১/০২/২০২৫খ্রি. বিকাল ০৫.০০টার মধ্যে রংপুর বিভাগীয় সরকারি গণগ্রন্থাগারে জমা দিতে হবে।

৩. রচনায় অবশ্যই জমাদানকারীর নাম, পিতা ও মাতার নাম, ঠিকানা এবং সচল মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।

৪. রচনায় শব্দসংখ্যা নির্ধারিত সীমার অধিক হলে তা মূল্যায়নের জন্য বিবেচিত হবে না।

৫. চিত্রাঙ্কন প্রতিযোগিতায় অংশগ্রহণেচ্ছুক প্রত্যেক প্রতিযোগীকে স্টুডেন্ট আইডি কার্ডের কপি দাখিল করতে হবে। প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের কাগজ/আর্ট পেপার ব্যতীত চিত্রাংকনের জন্য প্রয়োজনীয় অন্যান্য উপকরণ নিজ দায়িত্বে সঙ্গে আনতে হবে।

৬. বিস্তারিত জানতে যোগাযোগ মোবাইল নম্বরঃ 01738637472, 01723206851

১৯/০১/২৫

(মো: আবেদ হোসেন)
সহকারী পরিচালক
বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার
রংপুর
১৯/০১/২৫